জাতিসংঘ সাপ্তাহিক সংবাদ সংক্ষেপ

সংখ্যা - জুন ২০০৮/০৩

জাতিসংঘ তথ্য কেন্দ্র,ঢাকা

সংবাদ শিরোনাম

* টিকাদান কর্মসুচির বর্ধিত হার দরিদ্র দেশগুলোকে সাহায্য করছে- জাতিসংঘ সমর্থিত মৈত্রী সংস্থার প্রতিবেদন
* যুদ্ধের কৌশল হিসেবে যৌন সহিংসতা বন্ধ করতে নিরাপত্তা পরিষদের দাবী
* ইসরাইল-গাজা সংঘর্ষ বিরতিকে জাতিসংঘ মহাসচিবের স্বাগত
* জাতিসংঘ সমর্থিত ইন্টারনেট ভিত্তিক জনপ্রিয় শব্দের খেলা মিয়ানমারের ঘুর্ণিঝড় দুর্গতদের খাদ্যের সংস্থান করেছে
* তেলের অস্বাভাবিক উচ্চমুল্য নিয়ন্ত্রনে সৌদি রাজার উদ্যোগকে জাতিসংঘ মহাসচিব স্বাগত জানিয়েছেন

টিকাদান কর্মসুচির বর্ধিত হার দরিদ্র দেশগুলোকে সাহায্য করছে- জাতিসংঘ সমর্থিত মৈত্রী সংস্থার প্রতিবেদন

২০জুন- ২০০০ সালে জাতিসংঘ শিশু তহবিল (UNICEF) এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) GAVI Alliance এর সাথে অংশীদারীত্ব স্থাপন করে। সম্প্রতি GAVI Alliance এর প্রকাশিত প্রতিবেদনে দেখা গেছে যে প্রতিষ্ঠার পর থেকে এ অংশীদারীত্বের ফলে ২.৯ মিলিয়নেরও বেশি অপরিণত মৃত্যু এড়ানো সম্ভব হয়েছে।

GAVI Alliance এর ৭২ টি সদস্য দেশে ডিপথেরিয়া, টিটেনাস ও পোলিওর তিন ডোজ টিকা প্রদানের হার গত বছর ৭৫ শতাংশে উন্নীত হয়েছে । যা ২০০০ সালে ৬৪ শতাংশ ছিল, টিকা দানের কর্মসুচিই এই বৃদ্ধির মুল কারণ।

GAVI Alliance এর নির্বাহী সচিব জুলিয়ান লব-লেভিট বলেন, টিকাদান এমন একটি স্বাস্থ্য সেবা যা দরিদ্র দেশগুলোর জন্য অর্থনৈতিক ও সামাজিক অগ্রগতির সর্বোচ্চ সুযোগ তৈরি করে ।

তিনি বলেন, উন্নত ধনী দেশগুলো স্বাস্থ্য তৈরিতে আগে যেখানে ১৫০ বছর সময় লাগত সেখানে উন্নয়নশীল দেশগুলো তা ১০ থেকে ১৫ বছরে অর্জন করতে পারবে। এটা সম্ভব হয়েছে নতুন প্রযুক্তি এবং প্রতিরোধযোগ্য রোগ থেকে বিশ্বের সব শিশুকে রক্ষা করতে বিশ্ব সম্প্রদায়ের অঙ্গিকারের জন্য ।এজন্য তাদের ধন্যবাদ।

ড. জুলিয়ান লব-লেভিট আরও বলেন, তহবিলের নতুন উৎসের পাশাপাশি নতুন টিকা এবং প্রযুক্তি আমাদের জীবনঘাতী অসুখগুলোকে একটি তত্ত্বগত ও স্থায়ী উপায়ে মোকাবেলা করতে সহায়তা করে। এখন আমরা দরিদ্র জনগোষ্ঠির স্বাস্থ্যের ওপর একটি ইতিবাচক প্রভাব ফেলার প্রাথমিক অবস্থায় আছি।

আজকে প্রকাশিত প্রতিবেদনে দেখা গেছে যে অধিকাংশ দরিদ্র দেশ নতুনভাবে ওষুধের ব্যবহার শুরু করার জন্য পদক্ষেপ নিয়েছে এবং অনেক দেশ তাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থার উন্নতির জন্য GAVI Alliance এর কাছে আর্থিক সহায়তার জন্য আবেদন করেছে।

GAVI Alliance এর পুর্ব নাম ছিল The Global Alliance for Vaccine and Immunization যার লক্ষ্য হল সরকার, টিকা উৎপানকারী কারখানা, লোকহিতৈষি ব্যক্তিবর্গ যেমন-মিরিন্ডা গেটস্ ফাউন্ডেশন এবং গবেষণা ও কৌশলগত সংস্থাসহ টিকাদানের সাথে সম্পৃকিত সব স্বার্থ সংশি-ষ্ট গোষ্ঠিগুলোকে একত্রিত করা।

যুদ্ধের কৌশল হিসেবে যৌন সহিংসতা বন্ধ করতে নিরাপত্তা পরিষদের দাবী

১৯জুন– নিরাপত্তা পরিষদ আজ দাবি করে যে বিশ্বব্যাপী স্শস্ত্র যুদ্ধে সব পক্ষকে যুদ্ধের কৌশল হিসেবে নারীর প্রতি সহিংসতা ব্যবহার বন্ধ করতে হবে এবং এ ধরনের আক্রমন থেকে নারী ও কন্যা শিশুদের রক্ষা করতে কঠোর ব্যবস্থা নিতে হবে।

নারী, শান্তি এবং নিরাপত্তা বিষয়ক দিনব্যাপী আলোচনা শেষে সর্বসম্মতভাবে গৃহীত সিদ্ধান্ত প্রস্তাবে পরিষদ সদস্যগণ বলেন, "সংঘর্ষের সময় বেসামরিক সম্প্রদায় বা জাতিগত দলের সদস্যকে অপমান ও শোষন , তাৎক্ষনিক ভয় দেখানো , নিশ্চিহ্ন করা অথবা জোড়পুর্বক স্থানান্তর করার জন্য যুদ্ধের কৌশল হিসেবে নারীদের নিদিষ্টভাবে টার্গেট করা হয় ।"

এর প্রভাবে যুদ্ধ আরও দীর্ঘ ও প্রবল হয় এবং বিশেষ করে যখন নারীর বিরুদ্ধে সহিংসতা সংঘটনকারীকে তার অপরাধের জন্য শাস্তি না দেয়া হয় তখন বিঘ্নিত হওয়া নিরাপত্তা ও মানবিক অবস্থার আরও অবনতি ঘটে।

এই সিদ্ধান্ত প্রস্তাবে অনতিবিলম্বে সকল পক্ষকে বেসামরিক জনগণের বিরুদ্ধে যৌন সহিসংসতা বন্ধ করার এবং নারী ও কন্যা শিশুর সুরক্ষার জন্য সৈন্যবাহিনীর প্রশিক্ষণকালীন সময় থেকে শুরু করে সেনা বাহিনীর নিয়মানুবর্তীতা প্রক্রিয়া পর্যন্ত পদক্ষেপ নেয়ার দাবী করা হয়।

যুদ্ধ শেষে যৌন সংিসতার অপরাধকে সাধারণ ক্ষমার আওতায়র বাইরে রাখতে হবে। ১৫ জন পরিষদ সদস্য যারা সহিংসতার শিকার তাদের আরও ভালোভাবে সহায়তা প্রদান করতে বিচার ও স্বাস্থ্যসেবা ব্যবস্থা আরও জোড়দার করার আহ্বান জানান।

নিরাপত্তা পরিষদে জাতিসংঘ মহাসচিবের সাথে কয়েক ডজন বক্তা কিছু দেশে এ সমস্যা অবর্ননীয় ও ব্যাপক বিস্তৃত সমস্যায় পরিনত হয়েছে বলে বর্ননা করে যুদ্ধের সময় যৌন সহিংসতার প্রভাবের ব্যবহার সম্পর্কে বলার পর এ সিদ্ধান্ত প্রস্তাব গৃহীত হয়।

জনাব বান ঘোষনা করেন শীঘ্রই তিনি নারীর বিরুদ্ধে সহিংসতা বন্ধে নিবিরভাবে প্রচারণা চালাতে একটি বিশেষ প্রতিনিধি দলকে নিয়োগ করবেন।

ইসরাইল–গাজা সংর্ঘষ বিরতিকে জাতিসংঘ মহাসচিবের স্বাগত

১৮জুন– জাতিসংঘ মহাসচিব আজ গাজা উপত্যকায় ইসরাইল ও ফিলিস্তিন বিদ্রোহীদের মধ্যে সহিংসতা বন্ধের ঘোষনাকে স্বাগত জানিয়েছেন।

তার মুখপাত্র এক বক্তব্যে বলেন, " মহাসচিব আশা করেন যে ঐ পদক্ষেপ নিরাপত্তা প্রদান এবং গাজায় মানবিক অবস্থার উন্নতি সাধন দু'টোই করবে এবং ইসরাইলকে লক্ষ্য করে রকেট ও গোলা বারুদের আক্রমণ বন্ধ হবে।"

"তিনি এটাও আশা করেন যে এই যুদ্ধ বিরতি মানবিক ও অর্থনৈতিক কারণে গাজার বাইরেও নিয়ন্ত্রণ ও স্থিতিশীলতা আনতে নেতৃত্ব দেবে। এ যুদ্ধ বিরতিকে কার্যকর করতে মহাসচিব সব পক্ষের আন্তরিকতা ও দায়িত্বশীলতা প্রর্দশনের দিকে তাকিয়ে আছেন।"

জনাব বান মিশরকে এই অঙ্গিকারের মাধ্যমে স্থিতিশীলতা ফিরিয়ে আনতে দৃঢ় পদক্ষেপ গ্রহনের জন্য সাধুবাদ জানান।

জাতিসংঘ সমর্থিত ইন্টারনেট ভিত্তিক জনপ্রিয় শব্দের খেলা মিয়ানমারের ঘুর্ণিঝড় দুর্গতদের খাদ্যের সংস্থান করেছে

১৭ জুন– জাতিসংঘ সমর্থিত ইন্টারনেটে জনপ্রিয় শব্দের খেলায় খেলোয়াড়রা তাদের শব্দ দক্ষতা প্রকাশে ক্ষুধার্তদের সাহায্য করতে ব্যয় করবে । এর মাধ্যমে মিয়ানমারে গত মাসে ঘুর্ণীঝড়ে বিধ্বস্থরা খুব শীঘ্রই চাল পাবে ।

FreeRice.com এ খেলোয়াড়রা প্রতিটি প্রশ্নের সঠিক উত্তর দেবার মাধ্যমে জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসুচিকে (WFP) ২০ গ্রেইন চাল অনুদান হিসেবে দেবে। এতে ইতিমধ্যে ৩৬ বিলিয়ন গ্রেইন চাল সংগৃহীত হয়েছে যা ৩.৭ মিলিনেরও বেশি জনগণের খাবারের সংস্থান করা সম্ভব হবে।

FreeRice.com দ্যোগকে সাহায্যকারী সর্বাধুনিক কোম্পানী YUM! এবং ইউনিলিভার ইতোমধ্যে মিয়ানমারের জন্য দু‘ টি চালান পাঠিয়েছে।

WFP মিয়ানমারের ঘুর্ণীঝড় নার্গিসে বিধ্বস্থদের জন্য ত্রাণ বিতরনের অংশ হিসেব ৭৫৫,০০০ জনগোষ্টির মধ্যে চাল বিতরন করবে। গত ২-৩ মে দক্ষিণ পুর্ব-এশিয়ার এ দেশটিতে ঘুর্ণীঝড় আঘাত হানে।

এই দুর্যোগে ইরাবতী এবং দেশের সবচেয়ে জনবহুল শহর ইয়াংগুনে ভয়াবহ ক্ষয়ক্ষতি হয়। ১৩৪,০০০ ও বেশি লোক নিহত হয় বা নিখোঁজ হয় এবং ২.৪ মিলিয়ন লোক আহত হয় যাদের মানবিক সাহায্য প্রয়োজন।

সম্প্রতি WFP দেশটিতে ১১,০০০টন খাদ্য সাহায্য পাঠিয়েছে এবং সংস্থার ১০টি খাদ্য বোঝাই ভাড়া করা হেলিকপ্টার ডেল্টা অঞ্চলে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্থদের মাঝে ত্রাণ বিতরনের জন্য কাজ করছে।

আরেকটি আনুসাঙ্গিক অগ্রগতিতে জাতিসংঘ বিশ্ব স্বাস্থ্য সংস্থা বলে গত মাসের দুর্ঘটনার পর মিয়ানমারের স্বাস্থ্য ব্যবস্থার পুনরুন্নোয়ন ঘটেছে। এজন্য আমরা সরকার, জাতিসংঘ এবং আন্তর্জাতিক সম্প্রদায় সবাইকে ধন্যবাদ জানাই।

সংস্থা উলে-খ করে দুর্যোগের প্রথম দশ দিন সব প্রধান হাসপাতালগুলোতে চিকিৎসা সামগ্রী সরবরাহ করা হয়। তখন থেকেই সংস্থার বিভিন্ন দল প্রধান স্বাস্থ্যকেন্দ্রের বাইরেও চিকিৎসা সেবা দিয়ে যাচ্ছে এবং এখন কিছু প্রত্যন্ত অঞ্চলে রোগীদের পরীক্ষা করছে।

একই সাথে WFP উলে-খ করে যে, স্বাস্থ্য সেবার একটি প্রধান বিষয় হিসেবে পানির মান ও সহজপ্রাপ্যতা রক্ষা অব্যাহত আছে। সংস্থা প্রতিদিন ২ মিলিয়ন লোকের জন্য ৬ মিলিয়ন লিটার পানি সরবরাহ করে।

তেলের অস্বাভাবিক উচ্চমুল্য নিয়ন্ত্রনে সৌদি রাজার উদ্যোগকে জাতিসংঘ মহাসচিব স্বাগত জানিয়েছেন

১৬ জুন– জ্বালানীর উচ্চমুল্য নিয়ন্ত্রণের উপায় সম্পর্কে আলোচনা করতে সৌদি আরবের রাজা আব্দুল-হের বিশ্বের প্রধান তেল উৎপাদনকারীদের সাথে সভায় মিলিত হবার সিদ্ধান্তকে জাতিসংঘ মহাসচিব বান কি-মুন স্বাগত জানিয়েছেন।

রাজা আবদুল-হ স্বীকার করেন, ‘কিছু অনুমান নির্ভর কারনে তেলের মুল্য অস্বাভাবিক বেড়ে গেছে এবং তেলের মুল্য সহনীয় করতে তার পক্ষে যা করা সম্ভব তিনি তা করতে সম্মত আছেন।’ গতকাল জেদ্দায় সৌদি রাজা ও অন্যান্য কর্মকর্তাদের সাথে সভা শেষে জনাব বান সাংবাদিকদের এ কথা বলেন।

তিনি বলেন, আমি রাজা কাছে কৃতজ্ঞ যে তিনি এ ব্যাপারে আগামী সপ্তাহে তার রাজ্যে তেলের প্রধান উৎপাদনকারী ও ভোক্তাদের সাথে একটি উচ্চ পর্যায়ের সভায় মিলিত হবার আগ্রহ প্রকাশ করেছেন । আমরা সবাই আশা করছি যে মহামান্য রাজা এবং তাঁর সরকার তেলের

মুল্য স্থিতিশীল করতে প্রয়োজনীয় পদক্ষেপ নেবেন।

বর্ধিত চাহিদা মোকাবেলায় সৌদি আরব আগামী মাসের শুরু থেকে তার তেলের উৎপাদন ২০০,০০০ ব্যারেল করার ঘোষনা দিয়েছে।

জাতিসংঘ মহাসচিব দুদিনের সফরে সৌদি আরবে গিয়েছিলেন। তিনি বলেন, সম্প্রতি রোমে বিশ্ব খাদ্য সংকট নিয়ে যে আলোচনা হয় তাতে বিশ্ব নেতৃবৃন্দ গভীর উদ্বেগ প্রকাশ করেন যে তেলের উচ্চ মুল্য, খাদ্যের মুল্য বৃদ্ধির ওপর প্রভাব ফেলেছে।

এটা আমাদের জলবায়ু পরিবর্তন মোকাবেলার উদ্যোগকেও দুর্বল করছে বলে উলে-খ করে তিনি বলেন, খাদ্য মুল্য, জ্বালানী মুল্য এবং জলবায়ু পরিবর্তনকে একটি সমন্বিত ব্যবস্থা হিসেবে দেখা উচিত ।

** ** **